

পায়েল

হারিয়ে যাচ্ছে তোমার কথা বনবাদাড়ে
সূর্য গলছে, সূর্য ঢলছে, সেই অসীমে
তোমার হাসি ছড়িয়ে গেল, গানের উদাস...
দমকা হাওয়ায় মেঘ ঘনাল অন্যরকম

আমি কেবল খুঁজছি, খুঁজে, জড়ো করে
দেখছি ফিরে, কোথায় তুমি, কথা ও গান

একটি পায়েল ভিজছে একা, অন্ধকারে...

জয়ন্তজয় চট্টোপাধ্যায়

